বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল

গাজীপুর-১৭০৫।

“শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার বাংলাদেশ”

মুজিব শতবর্ষ MUJIB 100

মাস্টার অব ল'জ (এলএল.এম.)

ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ : ২০২১-২০২২

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল পরিচালিত মাস্টার অব ল'জ (এলএল.এম.) শিক্ষাবর্ষ: ২০২১-২০২২-এর ভর্তি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। শিক্ষার্থীদের ক্লাস বিশ্ববিদ্যালয়ের ঢাকা আঞ্চলিক কেন্দ্রে (৪/ক, গভ. ল্যাবরেটরী স্কুল রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫) অনুষ্ঠিত হবে। প্রতি কোর্সের ১৬টি ক্লাস প্রতি শনিবার অনুষ্ঠিত হবে। তবে, প্রাকৃতিক দুর্যোগ ও অতিমারির সময় ক্লাসসমূহ অনলাইনে গ্রহণ করা হবে (প্রতিটি ক্লাসের সময় হবে ০১ ঘণ্টা)। আসনের ৫% কোটা মুক্তিযোদ্ধাদের সন্তান, পোষ্য এবং নৃগোষ্ঠীর জন্য সংরক্ষিত থাকবে। উল্লেখ্য, শিক্ষাগত যোগ্যতার শর্ত পূরণকারী যে কোনো শিক্ষার্থী আবেদন করতে পারবেন।

বৈশিষ্ট্যসমূহ:

- ০১ (এক) বছরে মোট ১০টি কোর্স (৪০ ক্রেডিট) সম্পন্ন করতে হবে। এ রেজিস্ট্রেশনের মেয়াদ ০২ (দুই) বছর পর্যন্ত বহাল থাকবে।
- প্রতি শিক্ষাবর্ষ ০২টি সিমেস্টারে বিভক্ত এবং প্রতি সিমেস্টার ০৬ মাস মেয়াদি। প্রথম সিমেস্টারে ০৫(পাঁচ)টি এবং দ্বিতীয় সিমেস্টারে ০৫(পাঁচ)টি করে কোর্স থাকবে। উল্লেখ্য, একজন শিক্ষার্থীকে প্রতি সিমেস্টারের ০৫টি কোর্সে রেজিস্ট্রেশন বাধ্যতামূলক।
- ডিগ্রি অর্জনের জন্য একজন শিক্ষার্থীকে দুই সিমেস্টারে ১০টি কোর্স (প্রতি কোর্স ০৪ ক্রেডিট) সম্পন্ন করতে হবে।

আবেদনের যোগ্যতা:

- বাউবি থেকে এলএল.বি. (অনার্স) প্রোগ্রামে উত্তীর্ণ শিক্ষার্থী মাস্টার অব ল'জ (এলএল.এম.) প্রোগ্রামে অনলাইনে আবেদনের মাধ্যমে সরাসরি ভর্তির জন্য বিবেচিত হবে।
- অন্যান্য বিশ্ববিদ্যালয় হতে ৪(চার) বছর মেয়াদি এলএল.বি. (অনার্স) সম্পন্ন (সিজিপিএ ২.৫০ বা ২য় বিভাগ) হতে হবে।

ভর্তি সংক্রান্ত তথ্য:

- **শুধুমাত্র Online-এ আবেদন করা যাবে।**
- অনলাইনে আবেদনের সময় : ০৭ জুন, ২০২২ থেকে ৩১ জুলাই, ২০২২ পর্যন্ত।
- সাক্ষাৎকারের জন্য মনোনীতদের তালিকা প্রকাশ ও প্রবেশপত্র ইস্যুর তারিখ : ১৯ অক্টোবর, ২০২২।
- সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান : ২৪ অক্টোবর,২০২২; সকাল ১০.০০ টা থেকে দুপুর ০১.০০ টা পর্যন্ত; ডিন অফিস, এসএসএইচএল, বাউবি'র মূল ক্যাম্পাস, গাজীপুর-১৭০৫।
- বিষয় ভিত্তিক মেধা তালিকা প্রকাশ : ০১ নভেম্বর, ২০২২।
- ভর্তি : ০৮ নভেম্বর, ২০২২ থেকে ২২ নভেম্বর, ২০২২ পর্যন্ত।

আবেদন প্রক্রিয়া: যে কোনো ব্রাউজারের Address bar-এ https://osapsnew.bou.ac.bd টাইপ করে ব্রাউজ করুন। Offered Programs সেকশন এর অধীনে School of Social Sciences, Humanities & Language (SSHL)-এ ক্লিক করে Master of Laws (LL.M.)-এর পাশে প্রদর্শিত Apply Now বাটনে ক্লিক করুন। Master of Laws (LL.M.)-এ ভর্তি নির্দেশাবলী গুরুত্ব সহকারে পড়ে পুনরায় Apply Now বাটনে ক্লিক করুন। অনলাইন-এ আবেদন ফরমটির General Information ধাপ যথাযথভাবে পূরণ করে Next বাটনে ক্লিক করুন। Personal Information ধাপ যথাযথভাবে পূরণ করে সদ্য তোলা ফটো (300×300 JPG Format) এবং আপনার স্ক্যান করা স্বাক্ষর (300×100 JPG Format) আপলোড করে Next বাটন ক্লিক করুন। Academic Information ধাপে আপনার শিক্ষাগত যোগ্যতার তথ্য সঠিকভাবে পূরণ করুন এবং অভিজ্ঞতার তথ্য (যদি থাকে) Professional Information ধাপে সঠিকভাবে পূরণ করে Finish বাটনে ক্লিক করুন। সঠিকভাবে ফরম পূরণ শেষে আপনার মোবাইলে SMS এবং ইমেইলে Temporary User ID ও Password প্রেরণ করা হবে। Proceed to Payment বাটনে ক্লিক করার পর প্রদর্শিত Online Payment Gateway সমূহ থেকে যে কোনোটির মাধ্যমে ফি জমা দেয়া যাবে। সফলভাবে ফি জমাদান শেষে “Payment has been completed successfully!” মেসেজ প্রদর্শিত হবে এবং SMS ও ই-মেইলের মাধ্যমে অবহিত করা হবে। Master of Laws (LL.M.)-এ ভর্তির আবেদন ফি ৫০০/- (পাঁচশত টাকা)। তবে, প্রযোজ্য অনলাইন চার্জ আবেদনকারী বহন করবেন। অনলাইন ভর্তি সংক্রান্ত আপনার যে কোনো পরামর্শ/অভিযোগের জন্য OSAPS-এর হেল্পলাইন নম্বরে অথবা ইমেইল (help.osaps@bou.ac.bd) এ অবহিত করুন। OSAPS-এর হেল্পলাইন নম্বর: ০১৬৩৫-৮৩২৮৪৫, ০১৯০৭-৪৫১৬১২ (সকাল ৮ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত, রবিবার থেকে শুক্রবার)। প্রয়োজনে কোনো সমস্যা হলে ০৩(তিন) কার্য দিবসের মধ্যে আইসিটি হেড, আইসিটি এন্ড ই-লার্নিং সেন্টার, বাউবি'তে যোগাযোগ করতে হবে। Temporary User ID ও Password ব্যবহার করে প্রদর্শিত আবেদন পত্রটি প্রিন্ট করে শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র ও নম্বরপত্রসমূহ ০৭ জুন, ২০২২ থেকে ৩১ জুলাই, ২০২২ তারিখের মধ্যে ঢাকা আঞ্চলিক কেন্দ্রে (৪/ক, গভঃ ল্যাবরেটরি রোড, ধানমন্ডি ঢাকা-১২০৫) ১০৩ নম্বর কক্ষ/তথ্য কেন্দ্রে জমা দিতে হবে। আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর কেবলমাত্র নির্বাচিতরাই পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন এবং তাদের তালিকা বাউবি'র ওয়েব সাইটে দেয়া হবে। এছাড়া তাদেরকে মোবাইলে SMS এর মাধ্যমে নিশ্চিত করা হবে।

ফি সংক্রান্ত তথ্য:

- কোর্স ফি : প্রতি কোর্স ২১০০/- (দুই হাজার একশত) টাকা মাত্র।
- রেজিস্ট্রেশন ফি : প্রতি সিমেস্টার ১০০০/- (এক হাজার) টাকা।
- পরীক্ষার ফি : প্রতি কোর্স ৪০০ (চারশত) টাকা।
- একাডেমিক ক্যালেন্ডার ফি : প্রতি সিমেস্টার ৫০/- (পঞ্চাশ) টাকা।
- ডিজিটাল আইডি কার্ড ফি : ২০০/- (দুইশত) টাকা।

ক্লাস শুরু: পরবর্তীতে জানিয়ে দেয়া হবে।

- **(ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লিখিত যে কোনো তথ্য একাডেমিক কাউন্সিল সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং পরিবর্তন করতে পারবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং সংশ্লিষ্ট বিধি-বিধান সকল আবেদনকারী শিক্ষার্থীর জন্য প্রযোজ্য হবে।)**

Helpline: Available Time: 8:00 am to 1:00 pm; 01635832845
Available Time: 2:00 pm to 4:00 pm; 01907451612
Email: help.osaps@bou.ac.bd

(অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর আলম)
সভাপতি, ভর্তি কমিটি
ও
ডিন. সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫।

LLM-2022-21.doc